

ওয়ারিশগণ ক্রমে কোথাও কোন প্রকার দাবী দাওয়া করিব না বা করিবে না এই শর্তে চিরতরে উত্তরাধিকারীগণ বা স্থলাভিষিক্ত গণ ক্রমে বাধ্য থাকিলাম ও থাকিলেক। যদি কখনও কিছু করি কিংবা আমার স্থলে অন্য কেহ করে তাহা আদালত আদি সর্বস্থানে অগ্রাহ্য হইবেক। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় অবস্থায় বিক্রয় করিলাম। অদ্যকার তারিখ হইতে নিম্ন তপশীল বর্ণিত অত্র বিক্রীত সম্পত্তিতে আপনি সম্পূর্ণ নিব্বাঢ় স্বত্বের মালকিন হইলেন। অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের স্বত্ব স্বামীত্ব লভ্য হকহকুক যাহা কিছু ছিল তাহা অদ্যকার তারিখে সম্পূর্ণ বিলুপ্ত হইল এবং আমাদের স্থলে আপনি ক্রেতা আপনার উপর সম্পূর্ণ ভাবে ষোল আনা বর্তাইল।

আমরা বিক্রেতা শপথ ও অঙ্গীকার পূর্বক বলিতেছি যে উক্ত সম্পত্তি দেবোত্তর বা পীরোত্তর বা ভেষ্টিড সম্পত্তি নহে। বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে। ইতি পূর্বে অত্র বিক্রীত সম্পত্তি অপর কাহাকেও বিক্রয় করিব বলিয়া বায়নানামা বা এগ্রিমেন্ট করি নাই বা এই মর্মে কোনও বায়না গ্রহন করি নাই। ইতি পূর্বে অত্র বিক্রীত সম্পত্তি পঃ বঃ রাজ্য সরকার বা সরকারের অধীনস্থ কোনও আধিকারিক বা হলদিয়া পৌরসভা, হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি ইত্যাদি, ভারত সরকার ও তাহার অধীনস্থ কোন দপ্তর কর্তৃক অধিগৃহীত হয় নাই বা অধিগ্রহনের জন্য কোন নোটিশ জারি করে নাই। দলিলে অত্র লিখিত তথ্যগুলি আইন ইকুইটি মতে বর্তাইবে।

১২ Muzum Barik

১২ Jahannas Barik

স্বাক্ষর

श्री.
ह. प्र.
मि. प्र.



District Sub-Registrar
Purba Medinipur
Tamilnadu

- 8 AUG 2014